গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৪৬.০০২.২৫-২৪০ তারিখঃ২৪/০৩/২০২৬খ্রি:

**০১ (এক) বছর মেয়াদী জাপানি ভাষা শিক্ষা ও কেয়ার গিভিং কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি-মার্চ, ২০২৬**

**বিষয়ঃ জাপানে কেয়ার গিভার (নার্স, মিডওয়াইফ, কেয়ার গিভার, মেডিকেল এ্যাসিসটেন্ট) জনশক্তি প্রেরণের নিমিত্ত ০১ (এক) বছর মেয়াদী জাপানি ভাষা শিক্ষা ও কেয়ার গিভিং কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন।**

সূত্রঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নার্সিং শিক্ষা শাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪৩.২৪.০০৭.২৫.৬৪৯; তাং- ০৪/১২/২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং Japan Action Tank Association এর মধ্যকার সম্পাদিত চুক্তির আলোকে ২য় পর্যায়ে **চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রামে** ০১ (এক) বছর মেয়াদী জাপানি ভাষা শিক্ষা ও কেয়ার গিভিং কোর্সে ভর্তির জন্য নিম্নবর্ণিত ০৪ প্রকার প্রার্থীদের নিকট হতে শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:

**০২। প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী:**

ক. সরকারি নার্সিং ও মিডওয়াইফারি প্রার্থীর জন্য প্রযোজ্যঃ

- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে কর্মরত নার্স ও মিডওয়াইফদের পিএমআইএস এর পিডিএস হালনাগাদপূর্বক অনলাইনে আবেদন করবেন;
- কোর্সে অংশগ্রহণের জন্য প্রার্থীর সরকারি চাকুরী মেয়াদ ন্যূনতম ০৩ (তিন) বছর হতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থীগণ মাতৃত্ব / শিক্ষা ছুটিতে থাকাকালীন আবেদন করতে পারবেন না;
- প্রার্থীর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা রজু থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।

ক. বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি প্রার্থীর জন্য প্রযোজ্যঃ

- প্রার্থীগণ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (BNMC) কর্তৃক ডিপ্লোমা ইন নার্সিং/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি / বি.এসসি ইন নার্সিং বিষয়ে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।

গ. কেয়ার গিভার প্রার্থীর জন্য প্রযোজ্যঃ

- এইচ.এস.সি.পরীক্ষায় উত্তীর্ণ (ন্যূনতম CGPA-3.00) এবং NSDA (National Skills Development Authority) কর্তৃক কেয়ার গিভিং (General Caregiving-level 2, Caregiving for Elderly Persons- level 3, Caregiving for Infant Toddler and Children- level 3, Caregiving for Persons with Special Needs- level 3, Dementia Caregiving- level 3) যেকোন একটি ধাপে উত্তীর্ণ হতে হবে।

ঘ. মেডিকেল এ্যাসিসটেন্ট প্রার্থীর জন্য প্রযোজ্যঃ

- মেডিকেল এ্যাসিসটেন্ট সার্টিফিকেটধারী এবং বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল (BMDC) কর্তৃক নিবন্ধন প্রাপ্ত হলে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

**০৩। সকল প্রার্থীর জন্য প্রযোজ্যঃ**

- প্রার্থীদেরকে জাপানী ভাষা পরীক্ষা এবং SSW কেয়ার গিভার পরীক্ষার ফি নিজে বহন করতে হবে।
- কোন প্রার্থী যদি সম্পূর্ণ কোর্স সম্পন্ন না করে, তবে সম্পাদিত কোর্সের প্রতি মাসের জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা ফেরত প্রদান করতে হবে।
- যদি কোন প্রার্থী কোর্স সম্পন্ন করার পর জাপান গমনে অনিচ্ছুক হয় তবে তাকে কোর্স ফি বাবদ ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা কর্তৃপক্ষকে ফেরত প্রদান করতে হবে।
- কোর্সের সময়সূচি: সপ্তাহে ৫ (পাঁচ) দিন, সকাল ০৯ ঘটিকা হতে ০৫ ঘটিকা পর্যন্ত।



২৪/০৩/২৬

- আবেদনের জন্য প্রার্থীর বয়স আবেদন দাখিলের নির্ধারিত তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর পূর্ণ এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
- জাপানি ভাষায় মৌলিক অক্ষরজ্ঞান সম্পন্ন (বর্ণমালা) প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- কোর্স চলাকালীন সময়ে অন্য কোন কোর্সে অধ্যয়ন করা যাবে না।
- কোর্সে অংশগ্রহনের জন্য প্রার্থী কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না।
- অসম্পূর্ণ আবেদন/ আবেদনে মিথ্যা তথ্য প্রদান করা হলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- আগ্রহী প্রার্থীগণকে https://forms.gle/mBnMtPBof6ZeuQUM8 লিংকে এ আবেদনপত্র জমা দিতে হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি সংক্রান্ত বিষয়ে শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করে পরবর্তীতে **চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রামে** পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে প্রশিক্ষণের জন্য প্রার্থী নির্বাচন করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী কোনো অবস্থাতেই কোর্স পরিত্যাগ করতে পারবেন না।
- উল্লেখিত প্রশিক্ষণ জাপানে কেয়ারগিভার হিসেবে চাকরির নিশ্চয়তা প্রদান করে না। তবে জাপানি ভাষা শিক্ষা গ্রহণ করলে এবং ভাষা ও কেয়ারগিভারের নির্ধারিত পরীক্ষা বা level এ উত্তীর্ণ হলে তাঁরা সহজেই Japan Action Tank Association এর মাধ্যমে জাপানে কর্মসংস্থানের সুযোগ পাবেন।
- আবেদনের সময়সীমা নিম্নরূপ:

| | |
|---|---|
| আবেদন শুরুর তারিখঃ | ২৫-০৩-২০২৬ খ্রিঃ তারিখ সকাল: ০৯.০০ ঘটিকা |
| আবেদন শেষ তারিখঃ | ২৫-০৪-২০২৬ খ্রিঃ তারিখ বিকাল: ০৫.০০ ঘটিকা |

মোঃ আনোয়ার হোছাইন আকন্দ
(যুগ্মসচিব)
ও
মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
E-mail: info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৪৬.০০২.২৫-২৪০/১ (২৯) তারিখঃ ২৪/০৩/২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ।
৬. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৭. মহাপরিচালক, বিএমইটি।
৮. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১০. পরিচালক.................................।
১১. সিভিল সার্জন, (সকল)।
১২. তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল (সকল)।
১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।
১৪. অধ্যক্ষ/ ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ ও ইন্সটিটিউট ..............(প্রচারের অনুরোধ সহ)।
১৫. অধ্যক্ষ, মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (প্রচারের অনুরোধ সহ)।
১৬. রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা (ওয়েবসাইটে এ প্রকাশের অনুরোধ সহ)।
১৭. মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৮. সহকারি-পরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ওয়েবসাইটে এ প্রকাশের অনুরোধ সহ)।
১৯. অফিস কপি।

২৪/০৩/২১

মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা